


আমার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশু যাতে নিজেই খাবার খেতে
পারে সেটি কিভাবে শেখাব?



আমার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশু যাতে নিজেই খাবার খেতে পারে সেটি কিভাবে শেখাব?

শিশুকে খাওয়ানোর জন্য একটি নির্দিষ্ট নিয়ম মেনে চলা জরুরি।



সব সময় শিশুকে একই স্থানে একই তৈজসপত্র বা থালাবাসনে খেতে দিন।




আমার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশু যাতে নিজেই খাবার খেতে পারে সেটি কিভাবে শেখাব?

শিশু যাতে আরামদায়কভাবে বসে খাবার খেতে পারে সেটি নিশ্চিত করতে হবে। শিশু নিজেই নিজের খাবার খেতে পারছে কি না সেটি লক্ষ্য রাখতে হবে। শিশুকে এ কাজে উৎসাহ দিতে হবে এবং কাজের প্রশংসা করতে হবে।



আমার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশু যাতে নিজেই খাবার খেতে পারে সেটি কিভাবে শেখাব?

শিশুর খাবার গ্রহণের দক্ষতা বাড়ানোর জন্য পরিবারের সবাই মিলে একসাথে খাবার খান। শিশুর হাতে খাবার দেওয়ার পূর্বে তাকে মাথা সোজা করে বসার অভ্যাস করান তাহলে সে সহজেই খাবার মুখে নিতে ও চিবুতে পারবে।




আমার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশু যাতে নিজেই খাবার খেতে পারে সেটি কিভাবে শেখাব?

শিশুকে সবসময় তার পছন্দের খাবার দিয়ে খাওয়া শুরু করাতে হবে। শিশুর সামনে খাবার দিয়ে মুখ স্পর্শ করে ও মুখে দিয়ে বলতে হবে 'খাও' এবং যে খাবার দেওয়া হচ্ছে সেটি কি তা তাকে বলতে হবে। শিশুকে খাবার স্পর্শ করতে দিন যাতে সে বুঝতে পারে তাকে কি খাবার দেওয়া হচ্ছে।



আমার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশু যাতে নিজেই খাবার খেতে পারে সেটি কিভাবে শেখাব?

শিশুকে খাবার হাতে নিতে সাহায্য করুন এবং কীভাবে তা মুখে নিতে হবে সে বিষয়ে তাকে বলুন। আন্তে আন্তে আপনার সাহায্য কমিয়ে দিন এবং শিশুকে নিজেই খেতে দিন।



আমার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশু যাতে নিজেই খাবার খেতে পারে সেটি কিভাবে শেখাব?

যখন শিশু নিজেই খাবার নিতে শিখবে তখন আপনি তাকে চামচের ব্যবহার শেখানো শুরু করতে পারেন। যখন শিশু চামচের সাথে পরিচিত হবে তখন তার সামনে টেবিলের উপর চামচ রাখুন। আপনার হাতে তার হাত দিন এবং চামচটি খুঁজে পেতে তাকে সাহায্য করুন।



আমার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশু যাতে নিজেই খাবার খেতে পারে সেটি কিভাবে শেখাব?

চামচ খুঁজে পাওয়ার পর তাকে চামচে করে খাবার তুলতে সাহায্য করুন এবং এই খাবার কিভাবে মুখে দিতে হবে সে বিষয়ে তাকে জানান। যখন আপনি চামচে করে শিশুকে খাওয়া শেখাবেন তখন খাবার রাখার জন্য গর্তওয়ালা বাটি ব্যবহার করুন।

